সে অল্প আমল করে বেশি পুরস্কার পেলো।

আল-বারা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, লৌহ বর্মে আবৃত এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বলল, হে আল্লাহর রাসূল!
আমি যুদ্ধে অংশগ্রহণ করবো, না ইসলাম গ্রহণ করবো? তিনি বললেন, ‘ইসলাম গ্রহণ করো,
তারপর যুদ্ধে যাও।’ অতঃপর সে ব্যক্তি ইসলাম গ্রহণ করে যুদ্ধে গেল এবং শহীদ হলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, “সে অল্প আমল করে বেশি
পুরস্কার পেলো।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সাথে জিহাদে শরীক হতে লৌহ বর্মে আবৃত হয়ে তাঁর কাছে আসল। সে তখনও ইসলাম গ্রহণ করেনি। অতঃপর সে বলল, হে আল্লাহর রাসূল! আমি আগে জিহাদ করবো অতঃপর ইসলাম গ্রহণ করবো? নাকি আগে ইসলাম গ্রহণ করব অতঃপর জিহাদ করবো? তিনি তাকে বললেন, “ইসলাম গ্রহণ করো, তারপর যুদ্ধে যাও।” সে ব্যক্তি ইসলাম গ্রহণ করল। অতঃপর জিহাদে গিয়ে তুমুল যুদ্ধ করে শহীদ হয়ে গেলো। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, “সে অল্প আমল করে বেশি পুরস্কার পেলো।” অর্থাৎ তার ইসলাম গ্রহণের সময় হিসেবে। তার ইসলাম গ্রহণ ও শহীদ হওয়ার মাঝে অত্যন্ত নগণ্য ব্যবধান ছিলো। এতদসত্ত্বেও তার সাওয়াব ছিলো অনেক। কেননা আল্লাহর দীনকে বুলন্দ করতে তাঁর পথে জিহাদ সর্বাধিক ফযীলতপূর্ণ আমল ও সর্বোচ্চ সাওয়াবের কাজ।

https://sunnah.global/hadeeth/bn/show/3570